# বণিক বার্তা




বেলুন উড়িয়ে গতকাল ৮ম নন-ফিকশন বইমেলা উদ্বোধন করেন ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান ছবি : নিজস্ব আলোকচিত্রী

**P.T.O**

### ৮ম নন-ফিকশন বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা

# সমাজ বিনির্মাণে জ্ঞান উৎপাদন ও বিতরণ গুরুত্বপূর্ণ

নিজস্ব প্রতিবেদক ■

বই কেনা, বই পড়া, নতুন জ্ঞান সৃষ্টি ও বিতরণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে বইমেলা। জ্ঞানের চর্চা ও বিতরণের মাধ্যমে একটি সমাজের বিকাশ ও উন্নয়ন ঘটে। আর সমাজ বিনির্মাণে জ্ঞান উৎপাদন ও বিতরণ খুবই গুরুত্বপূর্ণ। ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ব্যবসায় শিক্ষা অনুষদ ও বণিক বার্তার যৌথ উদ্যোগে তিন দিনব্যাপী অষ্টম নন-ফিকশন বইমেলার গতকাল উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা এ কথা বলেন। ঢাবি উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে ব্যবসায় শিক্ষা অনুষদ চত্বরে আয়োজিত এ মেলার উদ্বোধন করেন।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, 'বইমেলা আমাদের দুটো কারণে উদযাপন করা উচিত। প্রথমত, এটি জ্ঞানচর্চার সঙ্গে জড়িত এবং দ্বিতীয়ত, এটি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমাজের মেলবন্ধন তৈরিতে সহযোগিতা করে। আমাদের সমাজে এ ধরনের উদ্যোগ আরো দরকার। একটি বিশ্ববিদ্যালয় যদি সমাজের সঙ্গে মেলবন্ধন তৈরি করতে না পারে তাহলে সেটি তার মৌলিক উদ্দেশ্য পূরণ করতে পারে না, শুধু একটি সরকারি প্রতিষ্ঠান হিসেবেই থেকে যায়। আমি আহ্বান জানাব, এ মেলা আয়োজনের পাশাপাশি যেন সামগ্রিক বিষয়টি মনিটরিংয়েও জোর দেয়া হয়। বিশেষ করে পাঠক-গবেষকদের মধ্যে এ মেলা কেমন প্রভাব রাখল সেটি যেন পর্যবেক্ষণ করা হয়।'

তিনি আরো বলেন, 'আমি জোর দিয়ে বলতে চাই, প্রকাশনা রাজনৈতিক মারপ্যাঁচ ও গ্রুপিংয়ের বাইরে থাকবে। আমরা যতদিন পারব ছাত্র-জনতাকে সঙ্গে নিয়ে এ আদর্শ ধরে রাখব। জ্ঞানের উৎপাদন ও বিতরণে সংকীর্ণ, হিংস্র, দলান্ধ রাজনীতি আনা যাবে না। জ্ঞান উৎপাদন ও বিতরণের মহৎ উদ্দেশ্যে আমরা সবাই একসঙ্গে কাজ করব।'

শুভেচ্ছা বক্তব্যে ঢাবির ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম বলেন, 'সাধারণ বইমেলাগুলোয় ফিকশনধর্মী বইয়ের আধিক্য থাকে। এর বাইরে তথ্য ও গবেষণানির্ভর যে বই রয়েছে সেগুলোর প্রতি পাঠকদের আগ্রহী করে তোলা এ বইমেলার অন্যতম উদ্দেশ্য। এ মেলায় শিক্ষক, শিক্ষার্থী, গবেষক, পাঠকদের যে মেলবন্ধন তৈরি হয় তা আমাদের জন্য আশাব্যঞ্জক এবং ২০১৫ সাল থেকে এমন একটি আয়োজনের অংশ হতে পেরে আমরা ব্যবসায় শিক্ষা অনুষদ গর্বিত।'

গবেষণার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে যে জ্ঞান উৎপাদন হয় নন-ফিকশন বই তা বিতরণে ভূমিকা রাখে বলে মনে করেন অ্যাডর্ন পাবলিকেশনের প্রকাশক সৈয়দ জাকির হোসাইন। তিনি বলেন, 'সমাজ বিনির্মাণে জ্ঞান উৎপাদন ও জ্ঞান বিতরণ গুরুত্বপূর্ণ। বিশ্ববিদ্যালয় পঠন-পাঠন ও গবেষণার মাধ্যমে জ্ঞান উৎপাদন করে আর এ জ্ঞান বিতরণে ভূমিকা রাখে নন-ফিকশন বইগুলো। নন-ফিকশন বই পাঠকদের মাঝে ছড়িয়ে দিতে বণিক বার্তা ও ঢাকা বিশ্ববিদ্যালয় যে আমাদের পাশে রয়েছে সেটি অনুপ্রেরণা জোগায়। এ ধরনের আয়োজন শুধু দেশের বিশ্ববিদ্যালয়গুলোয় নয়, স্কুল পর্যায় পর্যন্ত নিয়ে যাওয়া প্রয়োজন।'

ইউনিভার্সিটি প্রেস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মাহরুখ মহিউদ্দিন বলেন, 'নন-ফিকশন বই নিয়ে বণিক বার্তার এ ধরনের আয়োজন প্রশংসনীয়। প্রকাশনার সঙ্গে সংশ্লিষ্ট একজন ব্যক্তি হিসেবে আমার চাওয়া আমাদের এ প্রকাশনা খাতে যেন বাকস্বাধীনতা থাকে। রাজনৈতিকীকরণ বা দলীয়করণের প্রভাব যাতে এখানে না আসে। আমাদের যেন নিজেদের ওপর কোনো সেন্সর আরোপ করতে না হয়। সমাজ ও বাস্তবতার নিরিখে আমাদের যা লেখা দরকার, যা বলা দরকার সেগুলো যেন আমরা প্রকাশ করতে পারি।'

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের (সিএসই) পরিচালক ও লংকাবাংলা সিকিউরিটিজ পিএলসির ব্যবস্থাপনা

এরপর ›› পৃষ্ঠা ৬ কলাম ২

খ্যাতিমান প্রকাশকদের অংশগ্রহণে
৮ম নন-ফিকশন বইমেলা ২০২৪
আয়োজক: ব্যবসায় শিক্ষা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়; বণিক বার্তা
প্রধান সহযোগী: aib আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক পিএলসি

প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত চলবে এ মেলা। প্রকাশনা প্রতিষ্ঠানগুলোর স্টল থেকে ২৫ শতাংশ পর্যন্ত মূল্যছাড়ে বই কেনার সুযোগ পাবেন পাঠক। বইয়ের ক্রেতাদের জন্য মেলায় প্রতিদিন থাকছে র‍্যাফল ড্র'র আয়োজন। বিজয়ীরা পাবেন আকর্ষণীয় সব পুরস্কার। তাছাড়া মেলায় অংশ নেয়া প্রকাশকদের মনোনীত বই থেকে বিচারক প্যানেল ২০২৪-এর দুটি নন-ফিকশন বই নির্বাচিত করবেন। মেলার শেষ দিন আগামীকাল সমাপনী অনুষ্ঠানে জুরিদের নির্বাচিত দুটি বইকে 'নন-ফিকশন গ্রন্থ সম্মাননা' দেয়া হবে

## সমাজ বিনির্মাণে জ্ঞান

শেষ পৃষ্ঠার পর

পরিচালক মোহাম্মদ নাসির উদ্দিন চৌধুরী বলেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের সঙ্গে যে বইমেলার আয়োজন—এটি বণিক বার্তার একটি ভিন্নধর্মী ভাবনা। ব্যবসা ও অর্থনীতির মাধ্যমে কীভাবে সমাজ উপকৃত হবে সে ধারণা থেকে আমাদের এ মেলা আয়োজন করার ভাবনা। সবাই যেভাবে এ মেলার সঙ্গে যুক্ত হচ্ছে তা আমাদের প্রত্যাশার চেয়ে বেশি। নন-ফিকশন বই থেকে জ্ঞান আহরণ করার উপযুক্ত জায়গা ঢাকা বিশ্ববিদ্যালয়, ব্যবসায় শিক্ষা অনুষদ আরো উপযুক্ত। আমি আশা করি বইমেলা আগামী দিনেও হবে।' যে জাতি যত শিক্ষিত তারা তত বেশি সমৃদ্ধ—উক্তিটি সামনে এনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জের উপাচার্য অধ্যাপক ড. দিলীপ কুমার বড়ুয়া বলেন, 'এ কথার একটি প্রকৃষ্ট উদাহরণ জাপান। বণিক বার্তা ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদ যে বইমেলার আয়োজন করেছে আমি মনে করি তার প্রভাব শুধু এ বিশ্ববিদ্যালয়ে নয়, বরং আরো সুদূরপ্রসারী হবে। একই সঙ্গে এমন আয়োজন যদি দেশের প্রত্যন্ত অঞ্চলগুলোয়ও ছড়িয়ে দেয়া যায় তাহলে আমাদের দেশ দ্রুততার সঙ্গে সমৃদ্ধির পথে এগিয়ে যাবে।'

সূচনা বক্তব্যে বণিক বার্তার সম্পাদক ও প্রকাশক দেওয়ান হানিফ মাহমুদ বলেন, 'আমরা যখন এ বইমেলার আয়োজন শুরু করি তখন এর পেছনে উদ্দেশ্য ছিল নন-ফিকশন বইয়ের যে বাজার সেটাকে জায়গা করে দেয়া, একটি জ্ঞানভিত্তিক সমাজের দিকে এগিয়ে যাওয়া। বিশেষত আমাদের বিশ্ববিদ্যালয়গুলো যাতে প্রকৃত জ্ঞানচর্চার কেন্দ্র হয়ে ওঠে। এবারের যে জুলাই অভ্যুত্থান তারও একটা বড় ধরনের দিক হলো জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণের অঙ্গীকার। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের সঙ্গে আমরা আট বছর ধরে এ বইমেলা আয়োজন করছি এবং সবসময়ই তাদের কাছ থেকে সহযোগিতা পেয়েছি। বিশ্ববিদ্যালয় প্রশাসন চাইলে ভবিষ্যতে হয়তো আরো বড় পরিসরে এ মেলার আয়োজন হতে পারে।'

নন-ফিকশন বইমেলার উদ্বোধনী অনুষ্ঠান সঞ্চালনা করেন বণিক বার্তার প্রধান প্রতিবেদক মো. বদরুল আলম। প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত চলবে এ মেলা। প্রকাশনা প্রতিষ্ঠানগুলোর স্টল থেকে ২৫ শতাংশ পর্যন্ত মূল্যছাড়ে বই কেনার সুযোগ পাবেন পাঠক। বইয়ের ক্রেতাদের জন্য মেলায় প্রতিদিন থাকছে র‍্যাফল ড্র'র আয়োজন। বিজয়ীরা পাবেন আকর্ষণীয় সব পুরস্কার। তাছাড়া মেলায় অংশ নেয়া প্রকাশকদের মনোনীত বই থেকে বিচারক প্যানেল ২০২৪-এর দুটি নন-ফিকশন বই নির্বাচিত করবেন। মেলার শেষ দিন আগামীকাল সমাপনী অনুষ্ঠানে জুরিদের নির্বাচিত দুটি বইকে 'নন-ফিকশন গ্রন্থ সম্মাননা' দেয়া হবে।

# নয়া দিগন্ত

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৩ দিনব্যাপী নন-ফিকশন বইমেলা শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদ এবং বণিক বার্তার যৌথ উদ্যোগে ৩ দিনব্যাপী অষ্টম নন-ফিকশন বইমেলা গতকাল শনিবার বিজনেস স্টাডিজ অনুষদ চত্বরে শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি থেকে এই বইমেলার উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. দিলীপ কুমার বড়ুয়া, ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, ইউনিভার্সিটি প্রেস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মাহরুখ মহিউদ্দিন, অ্যার্ডন পাবলিকেশনের প্রকাশক সৈয়দ জাকির হোসাইন এবং অনুপম প্রকাশনীর ■ ৪র্থ পৃ: ৪-এর কলামে



ঢাবিতে নন-ফিকশন বইমেলা উদ্বোধন করেন ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

৩য় পৃষ্ঠার পর

প্রকাশক মিলন কান্তি নাথ বক্তব্য রাখেন। বণিক বার্তার সম্পাদক দেওয়ান হানিফ মাহমুদ স্বাগত বক্তব্য দেন। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী এবং বিভিন্ন প্রকাশনা ও গবেষণা সংস্থার কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, বই কেনা, বই পড়া, নতুন জ্ঞান সৃষ্টি ও বিতরণের ক্ষেত্রে এ ধরনের মেলা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। জ্ঞানের চর্চা ও বিতরণের মাধ্যমে একটি সমাজের বিকাশ ও উন্নয়ন ঘটে। বিশ্ববিদ্যালয়ের সাথে সমাজের মেলবন্ধন সৃষ্টিতেও বইমেলা অবদান রাখতে পারে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নন-ফিকশন বইমেলার আয়োজন করায় তিনি সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। বই পড়ার ক্ষেত্রে শিক্ষার্থীদের আগ্রহী করে তুলতে এই মেলা সহায়ক ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রকাশনা সংস্থাসহ দেশের ৩৯টি প্রকাশনা সংস্থার স্টল নিয়ে সাজানো হয়েছে এই অষ্টম নন-ফিকশন বইমেলা। প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত মেলা উন্মুক্ত থাকবে। আগামীকাল ৩০ ডিসেম্বর বইমেলা শেষ হবে। বিজ্ঞপ্তি।

# দেশ রুপান্তর

## নন-ফিকশন বইমেলা শুরু

**ঢাবি প্রতিনিধি**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ব্যবসায় শিক্ষা অনুষদ ও বণিক বার্তার যৌথ উদ্যোগে তিন দিনব্যাপী অষ্টম নন-ফিকশন বইমেলা শুরু হয়েছে। গতকাল শনিবার বেলা সাড়ে ১১টায় ব্যবসায় শিক্ষা অনুষদ প্রাঙ্গণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান মেলার উদ্বোধন করেন।

প্রধান অতিথির বক্তব্যে ঢাবি উপাচার্য বলেন, 'এই মেলা আমাদের দুটো কারণে উদযাপন করা উচিত, প্রথমত এটি জ্ঞানচর্চার সঙ্গে জড়িত এবং দ্বিতীয়ত এটি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমাজের মেলবন্ধন তৈরিতে সহযোগিতা করে। আমাদের সমাজে এ ধরনের উদ্যোগ দরকার।'

বণিক বার্তার প্রধান প্রতিবেদক মো. বদরুল আলমের সঞ্চালনায় বণিক বার্তার সম্পাদক ও প্রকাশক দেওয়ান হানিফ মাহমুদ সূচনা বক্তব্য দেন এবং শুভেচ্ছা বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম। এ ছাড়া অ্যার্ডন পাবলিকেশনের প্রকাশক সৈয়দ জাকির হোসাইন, ইউনিভার্সিটি প্রেস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মাহরুখ মহিউদ্দিন, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের (সিএসই) পরিচালক ও লংকাবাংলা সিকিউরিটিজ পিএলসির ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ নাসির উদ্দিন চৌধুরী, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জের উপাচার্য অধ্যাপক ড. দিলীপ কুমার বড়ুয়া প্রমুখ বক্তব্য দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসা শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম বলেন, 'সাধারণ বইমেলাগুলোয় ফিকশনধর্মী বইয়ের আধিক্য থাকে। এর বাইরে তথ্যনির্ভর, গবেষণানির্ভর যে বইগুলো রয়েছে সেগুলোর প্রতি পাঠকদের আগ্রহী করে তোলা এ বইমেলার অন্যতম উদ্দেশ্য। ২০১৫ সাল থেকে এমন একটি আয়োজনের অংশ হতে পেরে আমরা ব্যবসায় শিক্ষা অনুষদ গর্বিত।'

অ্যার্ডন পাবলিকেশনের প্রকাশক সৈয়দ জাকির হোসাইন বলেন, 'এমন একটি আয়োজনে আমি প্রকাশক হিসেবে, পাঠক হিসেবে অত্যন্ত আনন্দিত।'

বণিক বার্তার সম্পাদক দেওয়ান হানিফ মাহমুদ বলেন, 'এবারের যে জুলাই অভ্যুত্থান তারও একটা বড় ধরনের দিক হলো জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণের অঙ্গীকার। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের সঙ্গে আমরা আট বছর ধরে এ বইমেলা আয়োজন করছি এবং সবসময়ই তাদের কাছ থেকে সহযোগিতা পেয়েছি।'

আগামী সোমবার পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত চলবে এ মেলা। মেলায় প্রকাশনা প্রতিষ্ঠানগুলোর স্টল থেকে ২৫ শতাংশ পর্যন্ত মূল্যছাড়ে বই কেনার সুযোগ পাবেন পাঠকরা। বইয়ের ক্রেতাদের জন্য মেলায় প্রতিদিন থাকছে র‍্যাফেল ড্রয়ের আয়োজন।

# ইত্তেফাক

## ঢাবিতে নন-ফিকশন বইমেলার উদ্বোধন

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বিজনেস স্টাডিজ অনুষদ এবং বণিক বার্তার যৌথ উদ্যোগে তিন দিনব্যাপী অষ্টম নন-ফিকশন বইমেলা শুরু হয়েছে। ২৮ ২৯, ও ৩০ ডিসেম্বর প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত চলবে এই মেলা। শনিবার ঢাবির বিজনেস স্টাডিজ অনুষদ চত্বরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিন দিনব্যাপী বইমেলাটি উদ্বোধন করেন।

অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. দিলীপ কুমার বড়ুয়া, ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, ইউনিভার্সিটি প্রেস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মাহরুখ মহিউদ্দিনসহ বিভিন্ন প্রকাশনা কর্তৃপক্ষ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, 'টানা আট বছর ধরে এমন একটি গুরুত্বপূর্ণ মেলা আয়োজন করা নিঃসন্দেহে একটি বিশাল অর্জন।

## যুগান্তর

### ঢাবিতে তিন দিনের ৮ম নন-ফিকশন বইমেলা শুরু

যুগান্তর প্রতিবেদন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ব্যবসায় শিক্ষা অনুষদ ও বণিক বার্তার যৌথ উদ্যোগে তিন দিনব্যাপী অষ্টম নন-ফিকশন বইমেলা শুরু হয়েছে। শনিবার বেলা সাড়ে ১১টায় ব্যবসায় শিক্ষা অনুষদ প্রাঙ্গণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসাবে বেলুন উড়িয়ে এ বইমেলার উদ্বোধন করেন। বণিক বার্তার প্রধান প্রতিবেদক মো. বদরুল আলমের সঞ্চালনায় বণিক বার্তার সম্পাদক ও প্রকাশক দেওয়ান হানিফ মাহমুদ সূচনা বক্তব্য দেন এবং শুভেচ্ছা বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম। এছাড়া আড়র্ন পাবলিকেশনের প্রকাশক সৈয়দ জাকির হোসাইন, ইউনিভার্সিটি প্রেস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মাহরুখ মহিউদ্দিন, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের (সিএসই) পরিচালক ও লংকাবাংলা সিকিউরিটিজ পিএলসির ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ নাসির উদ্দিন চৌধুরী, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জের উপাচার্য অধ্যাপক ড. দিলীপ কুমার বড়ুয়া প্রমুখ বক্তব্য প্রদান করেন।

শনি থেকে সোমবার (২৮-৩০ ডিসেম্বর) পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদ প্রাঙ্গণে প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত চলবে এ মেলা। মেলায় প্রকাশনা প্রতিষ্ঠানগুলোর স্টল থেকে ২৫ শতাংশ পর্যন্ত মূল্য ছাড়ে বই কেনার সুযোগ পাবেন পাঠকরা। বইয়ের ক্রেতাদের জন্য মেলায় প্রতিদিন থাকছে র‌্যাফেল ড্রয়ের আয়োজন। র‌্যাফেল ড্রয়ে বিজয়ীরা পাবেন আকর্ষণীয় সব পুরস্কার। তাছাড়া মেলায় অংশ নেওয়া প্রকাশকদের মনোনীত বই থেকে বিচারক প্যানেল ২০২৪-এর দুটি নন-ফিকশন বই নির্বাচিত করবেন। মেলার সমাপনী অনুষ্ঠানে জুরিদের নির্বাচিত দুটি বইকে 'নন-ফিকশন গ্রন্থ সম্মাননা' দেওয়া হবে।

## দৈনিক বাংলা

### ঢাবিতে ৩ দিনব্যাপী ননফিকশন বইমেলা শুরু

দৈনিক বাংলা ডেস্ক



ঢাবির বিজনেস স্টাডিজ অনুষদ চত্বরে গতকাল তিন দিনব্যাপী অষ্টম নন-ফিকশন বইমেলার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান। ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) বিজনেস স্টাডিজ অনুষদ এবং বণিক বার্তার যৌথ উদ্যোগে তিন দিনব্যাপী অষ্টম নন-ফিকশন বইমেলা শুরু হয়েছে। গতকাল শনিবার বিজনেস স্টাডিজ অনুষদ চত্বরে প্রধান অতিথি হিসেবে বইমেলার উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান।

উদ্বোধনী অনুষ্ঠানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. দিলীপ কুমার বড়ুয়া, ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মাহমুদ ওসমান ইমাম, ইউনিভার্সিটি প্রেস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মাহরুখ মহিউদ্দিন, অ্যার্ডন পাবলিকেশনের প্রকাশক সৈয়দ জাকির হোসাইন এবং অনুপম প্রকাশনীর প্রকাশক মিলন কান্তি নাথ বক্তব্য রাখেন। এতে বণিক বার্তার সম্পাদক দেওয়ান হানিফ মাহমুদ স্বাগত বক্তব্য দেন। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী এবং বিভিন্ন প্রকাশনা ও গবেষণা সংস্থার কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

উপাচার্য বলেন, বই কেনা, বই পড়া, নতুন জ্ঞান সৃষ্টি ও বিতরণের ক্ষেত্রে এ ধরনের মেলা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। জ্ঞানের চর্চা ও বিতরণের মাধ্যমে একটি সমাজের বিকাশ ও উন্নয়ন ঘটে। বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমাজের মেলবন্ধন সৃষ্টিতেও বই মেলা অবদান রাখতে পারে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নন-ফিকশন বইমেলার আয়োজন করায় তিনি সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। বই পড়ার প্রতি শিক্ষার্থীদের আগ্রহী করে তুলতে এই মেলা সহায়ক ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

## The New Nation

### 3-day Non-fiction Book Fair begins at Dhaka University

City Desk

The 8th Non-Fiction book fair, organised jointly by Faculty of Business Studies of Dhaka University and Bonik Barta, began on Saturday on the Faculty of Business Studies premises.

Dhaka University Vice-Chancellor Professor Dr. Niaz Ahmed Khan inaugurated the fair as the chief guest, reports UNB.

Professor Dr. Dilip Kumar Barua, Vice-Chancellor of Bangabandhu Sheikh Mujibur Rahman University, Prof Dr. Mahmud Osman Imam, dean of the Faculty of Business Studies at Dhaka University, Managing Director of University Press Limited, Mahruhk Mohiuddin, Publisher of Ardon Publications, Syed Zakir Hossain, and Publisher of Anupam Publications Milan Kanti Nath also attended.

Bonik Barta's editor Dewan Hanif Mahmud delivered the welcome address.

# The New Age



Faculty of business studies of Dhaka University and Banik Barta jointly hold a three-day Non-fiction Book Fair on the DU campus from Saturday. — Focus Bangla photo

## Three-day non-fiction book fair begins at DU

United News of Bangladesh · Dhaka

THE 8th Non-Fiction book fair, organised jointly by Faculty of Business Studies of Dhaka University and Bonik Barta, began on Saturday on the Faculty of Business Studies premises.

Dhaka University vice-chancellor Professor Dr Niaz Ahmed Khan inaugurated the fair as the chief guest.

Professor Dr Dilip Kumar Barua, vice-chancellor of Bangabandhu Sheikh Mujibur Rahman University, Professor Dr Mahmud Osman Imam, dean of the Faculty of Business Studies at Dhaka University, managing director of University Press Limited, Mahruhk Mohiuddin, publisher of Ardon Publications, Syed Zakir Hossain, and Publisher of Anupam Publications, Milan Kanti Nath, also attended.

Bonik Barta's editor Dewan Hanif Mahmud delivered the welcome address.

Faculty members, students from various departments of Dhaka University and officials from various publishing and research organisations were also present.

Vice-chancellor Professor Dr Niaz Ahmed Khan said that events like this book fair was essential for creating and sharing knowledge.

Such events can also help strengthen the bond between universities and society, he said.

This 8th Non-Fiction Book Fair features stalls from 39 publishing houses including the Dhaka University Press.

The fair is open daily from 10:00am to 6:00pm till December 30.

# দৈনিক বর্তমান

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে এনভায়রনমেন্ট ইনোভেশন সামিট

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় গবেষণা সংসদ, মিশন গ্রিন বাংলাদেশ এবং জেসিআই ঢাকা মেট্রো-এর যৌথ উদ্যোগে 'এনভায়রনমেন্ট ইনোভেশন সামিট' শনিবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

সকালে দিনব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করেন ঢাকাস্থ সুইডেন দূতাবাসের ফার্স্ট সেক্রেটারি নায়োকা মারটিনেজ ব্যাকস্টম। অনুষ্ঠানে স্টামফোর্ড বিশ্ববিদ্যালয়ের এনভায়রনমেন্টাল সায়েন্সেস বিভাগের অধ্যাপক ড. আহমদ কামরুজ্জামান মজুমদার, বেসরকারি সংস্থা ওয়াটার কিপার বাংলাদেশের কো-অর্ডিনেটর শরীফ জামিল, গ্রীন বাংলাদেশের নির্বাহী পরিচালক আহসান রনি এবং দ্যা ডেইলি স্টারের এনজিও ও ফরেন মিশন বিষয়ক ইনচার্জ তানজিম ফেরদৌস বিভিন্ন সেশনে প্যানেলিস্ট হিসেবে বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, পরিবেশ আমাদের অস্তিত্বের সঙ্গে সম্পৃক্ত। মানুষ,

এরপর পৃষ্ঠা ৭ কলাম ১

### ঢাকা বিশ্ববিদ্যালয়ে এনভায়রনমেন্ট

জীববৈচিত্র্য, পৃথিবী ও বাংলাদেশের স্বার্থে পরিবেশকে রক্ষা করতে হবে। বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলা করা কোন একক ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে সম্ভব নয়। এই চ্যালেঞ্জ মোকোবেলায় সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। পরিবেশের ভারসাম্য রক্ষা এবং আগামীর পৃথিবীকে বাসযোগ্য করে গড়ে তুলতে দায়িত্ববোধ ও জনসচেতনতা বৃদ্ধির উপর তিনি গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে ৭০টি পরিবেশ সংগঠনের ৪ শতাধিক কর্মী অংশগ্রহণ করেন। এতে জলবায়ু সহনশীল নানা উদ্ভাবন ও কাজের জন্য ৯জন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান করা হয়। পুরস্কারপ্রাপ্ত ব্যক্তিরা হলেন : বৃক্ষ বিষয়ক কন্টেন্ট নির্মাতা-উম্মে কুলসুম পপি ও আবু সাঈদ আল সাগর, ধরীত্রির জন্য আমরা-এর সদস্য সচিব শরীফ জামিল, ইয়ুথ নেটের সোহানুর রহমান ও এখন টিভির বিশেষ প্রতিবেদক মাহমুদ রাকিব। পুরস্কারপ্রাপ্ত প্রতিষ্ঠানগুলো হলো : এনভায়রনমেন্ট এন্ড সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন, আস সুন্নাহ ফাউন্ডেশন, ফেনী জেলা স্বেচ্ছাসেবক পরিবার, এসিআই এগ্রো বিজনেস, শৈলবৃক্ষ এবং বায়োফার্মা লিমিটেড।

অনুষ্ঠানে 'ঢাকা : এ সিটি অব প্রবলেমস এন্ড হোপস' শীর্ষক বইয়ের মোড়ক উম্মোচন করা হয়।



ঢাকা বিশ্ববিদ্যালয় গবেষণা সংসদ, মিশন গ্রিন বাংলাদেশ এবং জেসিআই ঢাকা মেট্রো-এর যৌথ উদ্যোগে এনভায়রনমেন্ট ইনোভেশন সামিট শনিবার ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন -বর্তমান

# আমার দেশ

## ঢাবিতে এনভায়রনমেন্ট ইনোভেশন সামিট

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় গবেষণা সংসদ, মিশন গ্রিন বাংলাদেশ ও জেসিআই ঢাকা মেট্রোর যৌথ উদ্যোগে 'এনভায়রনমেন্ট ইনোভেশন সামিট' গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি মিলনায়তনে অনুষ্ঠিত হয়। নানা কার্যক্রমের দিনব্যাপী এ অনুষ্ঠানের উদ্বোধন করেন ঢাকাস্থ সুইডেন দূতাবাসের ফার্স্ট সেক্রেটারি নায়োকা মারটিনেজ ব্যাকস্ট্রম।

অনুষ্ঠানে স্টামফোর্ড বিশ্ববিদ্যালয়ের এনভায়রনমেন্টাল সায়েন্সেস বিভাগের অধ্যাপক ড. আহমদ কামরুজ্জামান মজুমদার, বেসরকারি সংস্থা ওয়াটার কিপার বাংলাদেশের কো-অর্ডিনেটর শরীফ জামিল, গ্রীন বাংলাদেশের নির্বাহী পরিচালক আহসান রনি এবং দ্য ডেইলি স্টারের এনজিও ও ফরেন মিশন বিষয়ক ইনচার্জ তানজিম ফেরদৌস বিভিন্ন সেশনে প্যানালিস্ট হিসেবে বক্তব্য দেন।

# আজকালের খবর

## ঢাকা বিশ্ববিদ্যালয়কে সর্বজনের প্রতিষ্ঠান করতে চাই: ঢাবি উপাচার্য

● ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়কে (ঢাবি) সর্বজনের প্রতিষ্ঠান করতে চাই বলে মন্তব্য করেছেন ঢাবি উপাচার্য প্রফেসর ড. নিয়াজ আহমেদ খান। গতকাল শনিবার ঢাবির বাণিজ্য অনুষদ প্রাঙ্গণে অষ্টম নন-ফিকশন বইমেলার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান বলেন, এটি যেকোনো বিবেচনায় একটি গুরুত্বপূর্ণ আয়োজন। এটা মূলত একটা সেলিব্রেশন। জ্ঞানের সেলিব্রেশন বা উদযাপন। এটি সমাজের জন্য অনেক দরকার। বেশিরভাগ ক্ষেত্রে এসব কাজ করার লোক কমে যাচ্ছে, ঠিক এ কারণেই এই আয়োজনের পিছনে যারা আছে তাদেরকে বিশেষ ধন্যবাদ। তিনি বলেন, এসব আয়োজন সমাজের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের সংযোগ স্থাপন করেছে। আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়কে সর্বজনের প্রতিষ্ঠান করতে চাই। এসব প্রোগ্রাম আমাদের কাজ সহজ করে। আমরা অনেক সংকটের মধ্যে দিন কাটাই। যেকোনো বিবেচনায় এসব আয়োজন বিশ্ববিদ্যালয়ের মৌলিক লক্ষ্য অর্জনে ভূমিকা রাখে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনেক সীমাবদ্ধতা আছে এর মাঝেও বুক চিতিয়ে বলতে চাই জ্ঞান ও প্রকাশনা জগত সহিংস ও উগ্র ও দলান্ধ রাজনৈতিক প্রভাব মুক্ত থাকবে। এসব নোংরা রাজনীতি থেকে যে কয়টা জিনিস মুক্ত থাকতেই হবে। তার মধ্যে এটা একটা। যারা এই কাজটি সম্পন্ন করেছে তাদেরকে আবারও ধন্যবাদ। বনিক বার্তার সম্পাদক দেওয়ান হানিফ মাহমুদ বলেন, এবারের জুলাই বিপ্লবের অন্যতম স্পিরিট হলো বাংলাদেশকে জ্ঞান ভিত্তিকতার উপর দাঁড় করিয়ে উন্নতির দিকে নিয়ে যাওয়া বিশেষত বিশ্ববিদ্যালয় পর্যায়ে জ্ঞানের উন্নতি সাধনের দিকে নিয়ে যাওয়া।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## দিনকাল



# শিল্পাচার্য জয়নুল আবেদিনের জন্মদিন আজ

দিনকাল রিপোর্ট

শিল্পাচার্য জয়নুল আবেদিনের ১১০তম জন্মদিন আজ। ১৯১৪ সালের ২৯ ডিসেম্বর বৃহত্তর ময়মনসিংহের কিশোরগঞ্জ জেলার কেন্দুয়ায় জন্মগ্রহণ করেন বিংশ শতাব্দীর >পৃ ২ ক ৭>

বিখ্যাত এ চিত্রশিল্পী। দিনটি উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) চারুকলা অনুষদ ছাড়াও বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠন নানা কর্মসূচি পালন করবে। বাংলাদেশে চারুকলার চর্চা ও আন্দোলনের দিশারি বিরল প্রতিভার অধিকারী শিল্পাচার্য জয়নুল আবেদিনের বাবা তমিজউদ্দীন আহমেদ ও মা জয়নাবুন্নেছা। শৈশব থেকেই ছবি আঁকার প্রতি ছিল তাঁর প্রবল ঝোঁক। রং-তুলির খেলায় ফুল-ফল, বৃক্ষ, লতাপাতা, মাছ, পাখিসহ নানা বিষয়কে মেলে ধরতেন ক্যানভাসে। আর এই ছবি আঁকার টানেই ১৯৩৩ সালে মাধ্যমিক পরীক্ষায় অংশ না নিয়ে বাড়ি থেকে পালিয়ে আশ্রয় নেন কলকাতায়। সেখানে ভর্তি হন গভর্নমেন্ট স্কুল অব আর্টসে। ১৯৩৮ সাল পর্যন্ত এখানেই চলে শিল্পাচার্যের চারুশিক্ষার দীক্ষা। ১৯৩৮ সালে ড্রইং অ্যান্ড পেইন্টিং বিভাগ থেকে প্রথম শ্রেণিতে প্রথম হয়ে অর্জন করেন স্নাতক ডিগ্রি। ততদিনে শিল্পী হিসেবেও শিল্পরসিকদের স্বীকৃতি অর্জন করে নেন। এরপর তিনি চলে আসেন ঢাকায়। জয়নুল আবেদিনের হাত ধরেই বিকশিত হয় এ দেশের চারুশিল্প মাধ্যম। ১৯৪৮ সালে প্রতিষ্ঠা করেন ঢাকা আর্ট কলেজ (বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ)। ১৯৬৭ সাল পর্যন্ত এ প্রতিষ্ঠানের অধ্যক্ষের দায়িত্ব পালন করেন তিনি। ১৯৭৫ সালে শেখ মুজিবুর রহমানের প্রেরণায় নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে প্রতিষ্ঠা করেন লোক ও কারুশিল্প ফাউন্ডেশন। ১৯৭২ সালে তিনি বাংলা একাডেমির সভাপতি নির্বাচিত হন। ১৯৭৪ সালে বাংলাদেশের প্রথম জাতীয় অধ্যাপক নিযুক্ত হন এবং আমৃত্যু এ পদে অধিষ্ঠিত থাকেন। জয়নুল আবেদিন ১৯৪৩ সালের দুর্ভিক্ষ নিয়ে এঁকেছেন দুর্ভিক্ষের রেখাচিত্র। ১৯৬৯ সালে তাঁর ক্যানভাসে উঠে এসেছে গণঅভ্যুত্থানের প্রেক্ষাপট। ১৯৭০ সালে এঁকেছেন ৬৫ ফুট দীর্ঘ বিখ্যাত চিত্রকর্ম নবান্ন। একই বছরে মনপুরা নামে প্রলয়ংকরী ঘূর্ণিঝড়ের হৃদয়স্পর্শী চিত্র সৃজন করেছেন। শিল্পীর এসব কালজয়ী শিল্পকর্ম দেশের সীমা পেরিয়ে আন্তর্জাতিক পরিমণ্ডলে পেয়েছে ব্যাপক প্রশংসা ও স্বীকৃতি। ক্যানসারে আক্রান্ত হয়ে ১৯৭৬ সালের ২৮ মে ৬১ বছর বয়সে মৃত্যুবরণ করেন শিল্পাচার্য জয়নুল আবেদিন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে জয়নুল উৎসব শুরু: বাংলাদেশের আধুনিক শিল্পকলার পথিকৃৎ শিল্পাচার্য জয়নুল আবেদিনের ১১০তম জন্মজয়ন্তী উপলক্ষে ৩ দিনব্যাপী জয়নুল উৎসব ২৭ ডিসেম্বর ২০২৪ শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদে শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই উৎসব উদ্বোধন করেন।

## খবরের কাগজ



# ঢাবিতে শেষ হচ্ছে ৩ দিনব্যাপী জয়নুল উৎসব

ক্যাম্পাস ডেস্ক

শিল্পাচার্য জয়নুল আবেদিনের ১১০তম জন্মবার্ষিকী উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদে অনুষ্ঠিত হচ্ছে তিন দিনব্যাপী জয়নুল উৎসব। আজ রবিবার উৎসবটি শেষ হচ্ছে। গত শুক্রবার উৎসবের উদ্বোধন করা হয়। তিন দিনব্যাপী উৎসব চলে সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।

গত শুক্রবার সকাল ১০টায় চারুকলা অনুষদ প্রাঙ্গণে উদ্বোধন অনুষ্ঠানের মাধ্যমে উৎসবের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর এম জাহাঙ্গীর আলম চৌধুরী।

উদ্বোধন অনুষ্ঠানে কোষাধ্যক্ষ বলেন, 'প্রতি বছরের মতো এবারও চারুকলা অনুষদ জয়নুল আবেদিনের ১১০তম জন্মবার্ষিকী উপলক্ষে এই মেলার আয়োজন করেছে। শিল্পকলায় জয়নুল আবেদিনের অবদান অসামান্য। এই উৎসবের মাধ্যমে শিক্ষার্থীরা শিল্পকলা সম্পর্কে অনেক কিছু জানতে পারবেন। সেই সঙ্গে আমাদের হস্তশিল্প ও লোকশিল্পের ঐতিহ্য সবার মাঝে ছড়িয়ে দিতে এই উৎসব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।'

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দিন আহমেদ, চারুকলা অনুষদের ডিন অধ্যাপক ডক্টর আজহারুল ইসলাম শেখ, বিখ্যাত চিত্রশিল্পী হাসেম খানসহ আরও অনেকে। উদ্বোধন অনুষ্ঠান শেষ করে বিভিন্ন শিল্পীদের তৈরি শিল্পকর্ম প্রদর্শন করেন অতিথিরা। গতকাল উৎসবের দ্বিতীয় দিনে অনুষ্ঠানে এসে স্মারক বক্তব্য দেন অধ্যাপক ড. মো. আব্দুস সাত্তার।

আজ শিল্পাচার্য জয়নুল আবেদিনের সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শেষ দিনের কার্যক্রম শুরু হবে। সমাপনী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান বক্তব্য দেন। অনুষ্ঠানে শিল্পী মিজানুর রহিম ও অধ্যাপক শিল্পী ড. রফিকুল আলমকে 'জয়নুল সম্মাননা-২০২৪' দেওয়া হবে। এরপর বিকেলে সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে উৎসবটি শেষ হবে।

এবারের জয়নুল উৎসবে অংশগ্রহণ করেছেন চারুকলা অনুষদের অঙ্কন ও চিত্রায়ণ বিভাগ, গ্রাফিক্স ডিজাইন বিভাগ, শিল্পকলা ইতিহাস বিভাগ, প্রাচ্যকলা বিভাগ, মৃৎশিল্প বিভাগ, প্রিন্টমেকিং বিভাগ কারুশিল্প বিভাগ এবং ভাস্কর্য বিভাগ।

এ ছাড়া বাংলাদেশের বিভিন্ন স্থান থেকে শিল্পীরা তাদের তৈরি নিজস্ব শিল্পগুলো নিয়ে হাজির হয়েছেন। উৎসবে ধাতব শিল্প, শোলা শিল্প, মাটির পুতুল শিল্প, কাঠের পুতুল শিল্প, পাখা শিল্প, নকশিকাঁথা শিল্প, পটশিল্প, গোলাশিল্প, শীতলপাটি শিল্প, শখের হাঁড়িশিল্প, মনিপুরি তাঁতশিল্প, শীতলপাটি শিল্প, শতরঞ্জিশিল্প, শঙ্খশিল্প, মুখোশশিল্প, বাঁশিশিল্প, হস্তশিল্পসহ আরও অনেক শিল্প নিয়ে হাজির হয়েছেন শিল্পীরা।



## আজকের পত্রিকা




ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদে চলছে তিন দিনব্যাপী 'জয়নুল উৎসব'। দেশের